



শ্রেণি - ১০ম

বিষয়ঃ সাইন্স অব লিভিং

সময়ঃ ১ ঘণ্টা

তারিখঃ ০৮-০৭-২০২০

প্রতিটি সমস্যা আমাকে আরও দক্ষ ও চৌকস করবে

জীবনে একধাপ এগিয়ে যাওয়ার একটি সহজ পথ হচ্ছে সমস্যাকে জয় করা। শ্রম দেহের শক্তি বাড়ায়। আর সমস্যা বা চ্যালেঞ্জ মনের শক্তি বাড়ায়। যেমন একজন সফল মানুষ সমস্যায় পড়লে বা চ্যালেঞ্জের মুখোমুখি হলে কখনো পিছিয়ে যান না বরং নতুন উদ্যমে সামনে এগিয়ে যান। আমরা মহীয়সী নারী হেলেন কেলারের নাম শুনেছি। তিনি বলেছেন, যখন সুখের একটি দরজা বন্ধ হয়ে যায় তখন অন্য একটি দরজা খুলে যায়। আমরা অধিকাংশই বন্ধ দরজার দিকে এত দীর্ঘ সময় তাকিয়ে থাকি যে খোলা দরজা দেখতে পাইনা। আসলে প্রতিটি সমস্যার ভিতরে রয়েছে সম্ভাবনা। এক্ষেত্রে দৃষ্টিভঙ্গি ইতিবাচক হলেই সম্ভাবনার দ্বার খুলে যায়।

বিজ্ঞানীরা গবেষণায় দেখেছেন যে, কোনো মানুষ যখন সমস্যার দিকে বেশি মনোযোগ দেয় তখন তার মস্তিষ্ক সমাধানের পথ খুঁজে পায় না। কারণ ঐসময়ে মস্তিষ্কে একটি নিউরনের সাথে আরেকটি নিউরনের সংযোগ হয় না। যার ফলে আমাদের মধ্যে দুশ্চিন্তা, অস্থিরতা কাজ করে। তাই সমস্যায় পড়লে ঠাণ্ডা মাথায় নতুন সমাধানের পথ খুঁজে বের করব।

একজন মানুষের ভেতর থেকে যখন নৈতিক ও আত্মিক শক্তি জাগ্রত হয় তখন দক্ষতা আপনা আপনিই সৃষ্টি হয়- পরিস্থিতি তাকে দক্ষ করে তোলে।

এ প্রসঙ্গে আরবেদের পারস্য বিজয়ের উদাহরণ দেওয়া যেতে পারে - পারস্য বিজয়ের সময়

মহাবীর রুস্তম এর বিরুদ্ধে যুদ্ধ করার জন্যে যখন নামিদামি সেনাপতি কাউকেই কাছে পেলেন না, তখন খলিফা ওমর মনোনীত করলেন সাদ বিন আবু ওয়াক্কাসকে, যার যুদ্ধ পরিকল্পনায় পূর্ব কোনো অভিজ্ঞতা ছিল না। যুদ্ধক্ষেত্রে বিশাল পারস্য বাহিনী হাতি সামনে নিয়ে অগ্রসর হচ্ছে। সেনাপতি রুস্তম একটা উঁচু জায়গায় হাতির পিঠে হাওদায় বসে দূর থেকে আরব বাহিনীর জীর্ণশীর্ণ অবস্থা দেখে হাসছেন -এ তো কিছুক্ষণের খোরাক!

আবু ওয়াক্কাস বুঝলেন, সরাসরি যুদ্ধে সুবিধা করা যাবে না। তিনি আত্মনিমগ্ন হলেন। বুদ্ধি বেরিয়ে এলো। তীরন্দাজ প্রধানকে নির্দেশ দিলেন সামনের যে হাতিটাকে অনুসরণ করে দুপাশের হাতিগুলার বল্লমের ফলার মতো এগুচ্ছে ওটার দুই চোখে তীর মারতে হবে। সবচেয়ে দক্ষ তীরন্দাজ দল অবস্থান নিলো। প্রশিক্ষিত হাতির দল এগিয়ে আসছে। হাতির পিছনে লাখো সৈন্য। ৫০ হাতের মধ্যে আসার সাথে সাথে দুজন তীরন্দাজ দুটি তীর মারলেন। দুটিই গিয়ে বিঁধলো নেতা হাতির দু'চোখে। তীর ঢোকানোর সাথে সাথে অন্ধ হয়ে হাতি পিছনে ঘুরে গেল। নেতা হাতিকে দিক পরিবর্তন করতে দেখে বাকি হাতিগুলো পিছনে ঘুরে গেল।

আরব বাহিনীর পরিবর্তে পুরো পারস্য বাহিনী হাতির পায়ে নিচে পিষ্ট হয়ে ছত্রভঙ্গ হয়ে গেল। বিপুল সংখ্যক সৈন্য হতাহত হলো। সেনাপতি রুস্তম হাতির হাওদা থেকে নেমে ঘোড়া নিয়ে পলাতে গিয়ে নিহত হলেন। এবং জয়ী হলো আরব বাহিনী।

এসাইনমেন্ট

প্রশ্ন

১. প্রতিকূলতা সবসময় একজন মানুষের অন্তর্গত শক্তিকে জাগ্রত করে। একটি সমস্যা কীভাবে মানুষকে দক্ষ ও চৌকস করে আরব বাহিনীর যুদ্ধ জয়ের আলোকে তা আলোচনা কর।
২. প্রতিকূলতাকে আমরা কীভাবে সম্ভাবনায় রূপান্তরিত করতে পারি পয়েন্টসহ উদাহরণ দিয়ে ব্যাখ্যা কর।

৩. মার্ক ইংলিস (Mark Inglis) এর যখন ২৩ বছর বয়স, তখন তার জীবনে এক ভয়াবহ দুর্ঘটনা ঘটে। তিনি তখন নিউজিল্যান্ডের সর্বোচ্চ চূড়া বিজয়ের অভিযানে। সেখানে একটি বরফের গুহায় তার পা আটকা পড়ে যায়। সেখান থেকে বেঁচে ফিরে আসেন তিনি, কিন্তু চরম মূল্য দিতে হয় সেজন্য- তার পা দুটো কেটে ফেলতে হয়। এতে যেন আরো বেশি করে জিদ চেপে যায় মার্কের। ঠিক করেন আরো বেশি বেশি অভিযান করবেন! ২০০৬ সালে ইতিহাসের প্রথম দুই পা হারানো (Double Amputee) অভিযাত্রী হিসেবে এভারেস্ট বিজয় করেন তিনি! কেবল যে অভিযানই করে বেড়ান মার্ক এমন নয় এর পাশাপাশি তিনি একজন বিজ্ঞানী।

প্রতিকূলতা জয় করার জন্য একজন মানুষের ইচ্ছাশক্তি ছাড়াও আর কী কী প্রয়োজন হেঁটি পয়েন্টে ব্যাখ্যা কর।

**** আগামী বুধবার (১৫-০৭-২০২০) এর মধ্যে উত্তরপত্র সাবজেক্ট টিচার এর ইমেইল এড্রেসএ সাবমিট করতে হবে, ইমেইল এর সাবজেক্টে নিজের নাম এবং ক্লাশ অবশ্যই লিখতে হবে****

Subject Teacher :JunayedHossainChowdhury

Email: junayedtishad@gmail.com